গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্রীবরদী, শেরপুর।

## "শ্রীবরদী উপজেলাধীন হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের হাট-বাজার ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা অনুযায়ী শ্রীবরদী উপজেলাধীন ১১ (এগার) টি হাট-বাজার ১৪২৯ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে উল্লেখিত শর্তসাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ইজারাদার/ব্যক্তিগণের নিকট হতে সীলমোহর যুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র দাখিলের জন্য ধার্য তারিখ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, জেলা প্রশাসক, শেরপুর মহোদয়ের কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি), শ্রীবরদী কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং ঐ দিনই বিকাল ৩.০০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে) খোলা হবে। প্রতিটি হাটের জন্য বিস্তারিত শর্ত সম্বলিত প্রতিসেট নিম্নবর্ণিত হাট-বাজারের পার্শ্বে উল্লেখিত মূল্যে (অফেরতযোগ্য)দরপত্র সিডিউল ও দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (ছুটির দিন ব্যতীত) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, জেলা প্রশাসক, শেরপুর মহোদয়ের কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি), শ্রীবরদীর কার্যালয় ও সোনালী ব্যাংক, শ্রীবরদী শাখা হতে নির্ধারিত মূল্যে ক্রয় করা হবে। ইজারা সংক্রান্ত অন্যান্য তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগাযোগপূর্বক জানা যাবে।

(ক) হাট-বাজারের তালিকা

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | বিগত ৩ বছরের গড় মূল্য | সম্ভাব্য সরকারী মূল্য (৬% বৃদ্ধিসহ) | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|---|
| ০১ | কর্ণজোড়া | সিংগাবরুনা | ২০,৭৫,১৬৭/- | ২১,৯৯,৬৬৭/- | ৫,০০০/- |
| ০২ | ভায়াডাঙ্গা | রাণীশিমুল | ৩৪,১৬,৪০০/- | ৩৬,২১,৩৮৪/- | ৮,০০০/- |
| ০৩ | ঝগড়ার চর | ভেলুয়া | ৩২,৪০,৩৩৪/- | ৩৪,৩৪,৭৫৪/- | ৭,৬০০/- |
| ০৪ | চরশিমুলচড়া | ভেলুয়া | ২,৪৭,৮৩৪/- | ২,৬২,৭০৪/- | ১,২০০/- |
| ০৫ | ভেলুয়া | ভেলুয়া | ৪১,৯৯৯/- | ৪৪,৫১৯/- | ৫০০/- |
| ০৬ | বালিজুরী | রাণীশিমুল | ৩,০২,৩৩৪/- | ৩,২০,৪৭৪/- | ১,৪০০/- |
| ০৭ | খড়েরপাড়া | কাকিলাকুড়া | ৪,৫৩,৪০৪/- | ৪,৮০,৬০৮/- | ১,৬০০/- |
| ০৮ | কুরুয়া | কুড়িকাহনিয়া | ৯১,০০০/- | ৯৬,৪৬০/- | ৫০০/- |
| ০৯ | রাণীশিমুল | রাণীশিমুল | ১,০৫,৮৩২/- | ১,১২,১৮২/- | ১,০০০/- |
| ১০ | গিলাগাছা | গোশাইপুর | ৫,৬৩৪/- | ৫,৯৭২/- | ৫০০/- |
| ১১ | রুপারপাড়া | খড়িয়াকাজির চর | ১২,০০০/- | ১২,৭২০/- | ৫০০/- |

ঃশর্তাবলীঃ-

১। ১৪২৯ বাংলা সনের বৈশাখ হতে ৩০ চৈত্র ০১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২। দরপত্র দাতাকে দরপত্রের সহিত উল্লেখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট পে অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের এর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মেটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর যার কোড নং ১-১১৪১-০১২৫-০১১১ এবং ১৫% মূল্য সংযোজন কর যার কোড নং ১-১১৩৩-০০১৫-০৩১১-তে জমা প্রদান করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩ বৎসরের গড় ইজারা ম্যল্য ও ইজারার ৬% বৃদ্ধিসহ ইজারা মূল্য অর্থাৎ সরাকারি মূল্যে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা যাবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম ও ঠিকানা, বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রর্দশনের ব্যবস্থা করবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতিপৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারা গ্রহীতা ইজারা প্রাপ্ত হাট-বাজার অন্য কারও নিকট বন্দোবস্ত বা সাব লীজ দিতে পারবেন না। যদি অনুরুপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লঙ্ঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারাচুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

Scanned with CamScanner

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।
১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।
১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপরে লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূবক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
১৬। হাট-বাজার ইজারার টাকা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধে ব্যর্থ হলে সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল বাতিল করা যাবে।
১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(খ) সিডিউল বিক্রয় ও দরপত্র দাখিলের তারিখঃ

| ক্র. নং | সিডিউল বিক্রয়ের তারিখ (অফিস চলাকালিন দিন ও সময়) | দরপত্র দাখিলের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | ২২-০২-২০২২খ্রিঃ হতে ২৮-০২-২০২২খ্রিঃ পর্যন্ত | ০২-০৩-২০২২ খ্রিঃ | উল্লেখ্য যে, ১ম বার সরকারী নীতিমালা অনুযায়ী ইজারা প্রদান করা সম্ভব না হলে পর্যায়ক্রমে ২য়, ৩য় ও ৪র্থ বার দরপত্র আহবান ও গ্রহণ অব্যাহত থাকবে। তবে একবার কোন হাট-বাজারের ইজারা দরপত্র অনুমোদিত হলে দরপত্রের কার্যক্রম আপনা আপনি স্থগিত হয়ে যাবে।। |
| ০২ | ০৩-০৩-২০২২ খ্রিঃ হতে ০৯-০৩-২০২২খ্রিঃ পর্যন্ত | ১০-০৩-২০২২খ্রিঃ | |
| ০৩ | ১৩-০৩-২০২২খ্রিঃ হতে ২০-০৩-২০২২খ্রিঃ পর্যন্ত | ২১-০৩-২০২২খ্রিঃ | |
| ০৪ | ২২-০৩-২০২২খ্রিঃ হতে ৩০-০৩-২০২২খ্রিঃ পর্যন্ত | ৩১-০৩-২০২২খ্রি. | |

১৭/২/২২
নিলুফা আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীবরদী, শেরপুর।
মোবা: ০১৭৮২-৮৯২৬৫৫
e-mail: unosreebardi@mopa.gov.bd

পত্র নং ০৫.৪৫.৮৯৯০.০১৪.০৩.০০৩.১৭- ১২০

তারিখ ০৪ ফাল্গুন ১৪২৮
১৭ ফেব্রুয়ারী ২০২২

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, শেরপুর।
৩। পুলিশ সুপার, শেরপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীবরদী, শেরপুর।
৫। অতিরিক্ত জেলা প্রশাসক ( সাঃ উ)/ (রাজস্ব), শেরপুর।
৬। সহকারী কমিশনার (ভূমি), শ্রীবরদী, শেরপুর।
৭। অফিসার ইনচার্জ, শ্রীবরদী থানা।
৮। উপজেলা..................................অফিসার, শ্রীবরদী, শেরপুর।
৯। চেয়ারম্যান....................................ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী, শেরপুর। তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা........................................ইউনিয়ন ভূমি অফিস, শ্রীবরদী, শেরপুর। তাঁকে ঢোল সহরত ও মাইকের মাধ্যমে বহুল প্রচার করে নির্ধারিত তারিখের পূর্বেই অত্রাফিসে এস.আর দাখিলের জন্য অনুরোধ করা হলো।
১১। ইজারাদার..........................................................হাট-বাজার, শ্রীবরদী, শেরপুর।
১২। জনাব/ মেসার্স.........................................................।
১৩। অফিস নথি।

১৭/২/২২
নিলুফা আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীবরদী, শেরপুর।
মোবা: ০১৭৮২-৮৯২৬৫৫
e-mail: unosreebardi@mopa.gov.bd

১৭/২/২২

Scanned with CamScanner